**পল্লবী আর্ট**
আল্পনা, মেহেন্দী, ওয়াল পেন্টিং, ফেব্রিক, গ্লাস পেন্টিং যত্ন সহকারে করা হয়।
**বাচ্চাদের খুব যত্ন সহকারে আঁকা শেখানো হয়।**
**Mob. : 8240006480**

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৯৬৪৭৭৯১৯৮৬

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 6 ❑ Issue 13 ❑ 16 Jun 2022 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

# সোজা আঙুলে ঘি না উঠলে আঙুল বাঁকা করতে হয়

## বঙ্গ বিজেপির টার্গেট, উদ্বাস্তুদের নাগরিকত্ব দেওয়া-সুকান্ত

প্রতিনিধি : মতুয়া নমঃশূদ্র তথা ধর্মীয় কারণে প্রতারিত হয়ে বাংলাদেশ থেকে যারাই এ দেশে এসেছেন, তাদের আমরা নাগরিকত্ব দিতে চাই এবং দেবই। শুক্রবার দুপুরে বনগাঁয় দলীয় কর্মসূচিতে যোগ দিতে এসেছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। সেখানে তিনি সাংবাদিকদের একথা বলেন। সুকান্ত বাবু জানান, বঙ্গ বিজেপির টার্গেট, উদ্বাস্তুদের নাগরিকত্ব দেওয়া। এ বিষয়ে রাজ্য সরকারের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। তাই আমাদের অন্য পথ খুঁজতে হচ্ছে। এরপরই তিনি হুংকার দিয়ে বলেন, সোজা আঙুলে ঘি না উঠলে আঙুল বাঁকা করতে হয়। আঙুল বাঁকা করতে কিছুটা সময় লাগছে। নাগরিকত্ব আমরা দেবই, কেউ আটকাতে পারবেনা।

শুক্রবার দুপুরে বনগাঁ শহরের এক নম্বর রেলগেট এলাকা থেকে কর্মী সমর্থকদের নিয়ে মিছিল করেন সুকান্ত বাবু। যশোর রোড ধরে শহর পরিক্রমা করে মিছিল শেষ হয় ত্রিকোণ পার্ক এলাকায়। সেখানে সভাও করেন তিনি। এদিন সুকান্ত বাবু ছাড়াও উপস্থিত ছিলেন বনগাঁ দক্ষিণের বিধায়ক স্বপন মজুমদার, বনগাঁ উত্তরের বিধায়ক অশোক কীর্তনীয়া, বিজেপির বনগাঁ জেলা সভাপতি রামপদ দাস প্রমুখরা।

এদিনের সভা থেকে শিক্ষক দুর্নীতি নিয়ে সরব হন বিজেপির রাজ্য সভাপতি। তিনি অভিযোগ করে বলেন, "আপনাদের এই জেলার বাগদার চন্দন মন্ডল ১৭০০ জনকে চাকরি দিয়েছে বলে শুনেছি। সেই টাকা বস্তা ভরে তৃণমূলের শীর্ষ নেতৃত্বের কাছে পৌঁছে যেত।"

এদিনের সভায় দেখা যায়নি বনগাঁর বিজেপি সাংসদ শান্তনু ঠাকুরকে। যা নিয়ে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে এলো বলেই কর্মীসমর্থকরা মনে করছেন। এ বিষয়ে সুকান্ত বাবু বলেন, "শান্তনু ঠাকুর এলাকায় নেই। তিনি বাইরে আছেন। তাকে আমন্ত্রণ জানানো হয়েছিল। যদিও এ বিষয়ে শান্তনু ঠাকুর জানিয়েছেন, "কোন অনুষ্ঠান? আমি কিছুই জানিনা।




বিধানসভা ভোটে বনগাঁ মহাকুমার চারটি আসনে বিজেপি প্রার্থীরা জয় লাভ করেন। পরবর্তীতে অবশ্য বাগদার বিধায়ক বিশ্বজিৎ দাস তৃণমূলে যোগদান করেন। তৃতীয় পাতায়...

## মহিলাকে লোন পাইয়ে দিয়ে কাটমানির টাকা কেড়ে নেওয়ার অভিযোগে ধৃত বিজেপি নেত্রী ও তাঁর মেয়ে

প্রতিনিধি : মহিলাকে সমৃদ্ধি যোজনার লোন পাইয়ে দিয়ে সেই টাকা থেকে কাটমনি। না দেওয়ায় মারধর করে টাকা কেড়ে নেওয়ার অভিযোগ উঠল স্থানীয় এক বিজেপি নেত্রী ও তার মেয়ের বিরুদ্ধে। থানায় অভিযোগ জানাতেই মা-মেয়েকে গ্রেফতার করল পুলিশ। বাগদা থানার কোমরখোলা এলাকার ঘটনা। পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম সুশীলা বিশ্বাস ও মেয়ে সুপ্রিয়া বিশ্বাস। সোমবার চন্দনা রায় নামে আহত মহিলা তাদের বিরুদ্ধে মারধর করে টাকা কেড়ে নেওয়ার অভিযোগ জানিয়েছিল থানায়। বৃহস্পতিবার সন্ধ্যায় তাদের গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে ছিনতাইয়ের মামলা রুজু করা হয়েছে। বুধবার ধৃতদের বনগাঁ মহকুমা আদালতে পাঠালে বিচারক তাদের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। পুলিশ ও স্থানীয়রা জানিয়েছেন, বাগদার কুমোরখোলা গ্রামের বাসিন্দা চন্দনা রায়। স্বামীর মৃত্যুর পর দুই ছেলে ও মেয়েকে নিয়ে কলকাতায় পরিচারিকার কাজ করে সংসার চালান। তাকে বছর খানেক আগে তৃতীয় পাতায়...

## দলীয় নেতৃত্বকে হেনস্থার প্রতিবাদে মিছিল

সমাচার ঃ দলের রাজ্যসভাপতি সুকান্ত মজুমদার ও বিধান সভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে হেনস্থার প্রতিবাদে সারা রাজ্যজুড়ে প্রতিবাদ আন্দোলনে নেমেছেন ভারতীয় জনতা পার্টির নেতা-কর্মীগণ।

গত রবিবার বিজেপির চাঁদপাড়া মণ্ডল কমিটির উদ্যোগে মণ্ডল সভাপতি প্রশান্ত রায় ও জেলা নেতৃত্ব চন্দ্রকান্ত দাসের নেতৃত্ব এদিনের প্রতিবাদ মিছিলে চাঁদপাড়া ছাড়াও ডুমা অঞ্চল থেকে বিজেপির অসংখ্য স্থানীয় নেতা ও কর্মী যোগ দেন। নেতৃবৃন্দ জানান দিল্লীর দলীয় এক নেত্রীর মন্তব্যের জেরে এ রাজ্যে এক বিশেষ সম্প্রদায়ের মানুষজন রাজ্যের বিভিন্ন এলাকায় তান্ডব চালায়। ভাঙচুর, অগ্নিসংযোগ করে নিরপরাধ মানুষজনের ব্যাপক ক্ষতি করে।



কোথাও কোথাও দলীয় কার্যালয়ে ভাঙচুর চালায় তারা। অভিযোগ এই রাজ্যের পুলিশ প্রশাসন সেদিকে যথাযথ ব্যবস্থা গ্রহন না করে বিজেপির শীর্ষ নেতৃত্বকে আটকাচ্ছে। রাজ্যসভাপতিকে ঘর থেকে বেরোতে দিচ্ছে না। এই দুঃসময়ে নেতাদের দলীয় কর্মীদের পাশে দাঁড়াতে বাধা দিচ্ছে পুলিশ।

বিরোধী দলনেতা নিয়মানুযায়ী যিনি মন্ত্রীর মর্যাদা পান, অহেতুক তাকে দীর্ঘ সময় ধরে রাস্তায় আটক রাখছেন। এসবের প্রতিবাদে চাঁদপাড়ায় মিছিল করেন বিজেপি নেতা-কর্মীগণ। ফ্লেক্স, ফেস্টুন, প্ল্যাকার্ড ও শ্লোগানে মিছিল বেশ আর্কষনীয় হয়ে ওঠে।

## ২ বছর বন্ধ থাকার পর ফের চালু হল ঢাকা-কলকাতা বাস পরিষেবা, খুশি দু'দেশের যাত্রীরা

প্রতিনিধি : করোনা লকডাউনের কারণে প্রায় দু'বছর তিন মাস ঢাকা- কলকাতার আন্তর্জাতিক বাস পরিষেবা বন্ধ ছিল। শুক্রবার ফের নতুন করে চালু হল ওই বাস পরিষেবা। এদিন বিকেলে ঢাকা থেকে দুটি বাস বাংলাদেশের বেনাপোল বন্দর পার করে ভারতের পেট্রোপোল সীমান্ত বন্দরে এসে পৌঁছায়। ফের বাস পরিষেবা চালু হওয়ায় খুশি দুপারের যাত্রী ও বাস পরিষেবার সঙ্গে যুক্ত সদস্যরা। এদিন দু'দেশের নোম্যান্স ল্যান্ডে বাস পরিষেবার সঙ্গে যুক্ত দু'দেশের প্রশাসনিক আধিকারিকদের মিষ্টিমুখ করানো হয়। বাস কর্মীরা জানিয়েছেন, বাংলাদেশের ঢাকার কমলাপুর থেকে শুক্রবার সকাল সাতটার সময় বাসটি ছাড়া হয়। তৃতীয় পাতায়...

## বেওয়ারিশ মৃতদেহ সংকার করল মছলন্দপুর খেয়ালী

সমাচার ঃ প্রতিষ্ঠা লগ্ন থেকেই মানব সেবার কাজ করে চলেছে মছলন্দপুরের অন্যতম স্বেচ্ছাসেবী সংগঠন খেয়ালীর সদস্যরা। অল্প সংখ্যক তরুন সদস্যদের নিয়ে গড়ে ওঠা খেয়ালী এলাকার দুস্থ মানুষজনের খাবার প্রদান, আর্তপীড়িতদের ঔষধ ও পথ্যের ব্যবস্থা, দরিদ্র ছাত্র-ছাত্রীদের শিক্ষা সামগ্রী প্রদান, অতিমারী করোনা কালে রোগীদের সেবা এবং সেই সঙ্গে বাড়ি বাড়ি খাবার পৌঁছে দেওয়ার কাজ করে এলাকার মানুষের সুনাম অর্জন করে চলেছে খেয়ালীর নবীন ও দামাল সদস্যরা।

খেয়ালীর অন্যতম গুনগ্রাহী ও মছলন্দপুর ১নং গ্রাম পঞ্চায়েত সদস্য শংকর রায় জানান, সম্প্রতি এক বেওয়ারিশ মৃত ব্যক্তির দেহ সংকার করে অনন্য নজির স্থাপন করে খেয়ালীর সদস্যগণ।

ঘটনার বিবরণে জানা যায়, মছলন্দপুর স্টেশন সংলগ্ন বাস স্ট্যান্ড এলাকায় এক অজ্ঞাত পরিচয় পরিচয় ব্যক্তির ব্যক্ত গুরুতর অসুস্থ অবস্থায় বেশ কয়েকদিন পড়ে ছিলেন। খেয়ালীর সদস্যরা পুলিশ ও পঞ্চায়েত প্রশাসন ব্যবসায়ি সমিতি ও স্থানীয় মানুষজনের সহযোগিতায় চিকিৎসার জন্য স্থানীয় বাউগাছি হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসায় একটু সুস্থ হয়ে উঠলেও গত ১১ জুন তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। খেয়ালী ক্লাবের সভাপতি রতন দাস জানান, পরিশেষে হাসপাতাল থেকে মৃতদেহ এনে খেয়ালীর সদস্যরা সেদিনই গোবরডাঙ্গা শ্মশানে প্রয়াণ ব্যক্তির শেষ কৃত্য সম্পন্ন করেন। এলাকার শুভবুদ্ধি সম্পন্ন মানুষজন খেয়ালীর সদস্যগণের এই মহতী কাজের সাধুবাদ জানান।

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

SHREYA MOTORS
Finance Available
এখানে সমস্ত ধরনের পুরাতন মোটর সাইকেল এবং চারচাকা ক্রয় ও বিক্রয় করা হয়। পুরাতন গাড়ি এক্সচেঞ্জের সুবিধা আছে।
ঢাকুরিয়া কালীবাড়ি (চাঁদপাড়া), উত্তর ২৪ পরগণা প্রোঃ নিলয় পাঠক Mob.: 7797981139
ঢাকুরিয়া কালীবাড়ি পোষ্ট অফিসের সন্নিকটে

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৬ ❒ সংখ্যা ১৩ ❒ ১৬ জুন, ২০২২ ❒ বৃহস্পতিবার

## 'অচ্ছে দিন' এসে গেছে

'অচ্ছে দিন আনে ওয়ালে হ্যায়'— এটা ছিল দিল্লীর মসনদে প্রথমবার অধিষ্ঠানের পূর্বের প্রতিশ্রুতি। ২য় বারের প্রতিশ্রুতি ২ কোটি কর্ম সংস্থানের সুযোগ। মসনদে অধিষ্ঠানের বছর খানেকের মধ্যে শুরু হল বিশ্বজুড়ে মহামারী। প্রতিশ্রুতি হিমঘরে সংরক্ষিত রইল প্রতিশ্রুতি হিসাবেই। পরিস্থিতি স্বাভাবিক হতেই নেতা-মন্ত্রীরা নড়েচড়ে বসল। হিমঘরের দরজার ফাঁক দিয়ে প্রতিশ্রুতি বেরিয়ে এল 'অগ্নিপথ'-এর হাত ধরে। সমগ্র দেশের একটা বড় অংশের যুব সমাজের বুকে আছড়ে পড়ল পারমানিক বোমা। ধুলিস্যাৎ হয়ে গেল তাদের স্বপ্ন। অনিশ্চয়তার পথে এগিয়ে গেল তাদের জীবন। সরকারী কর্মসংস্থান বিমুখ হলে যুব সমাজকে ঘুরতে হয় বেসরকারী সংস্থার দরজায় দরজায়। কিন্তু সেখানেও নিশ্চয়তার বড়ই অভাব। নেই বিদেশী কোন প্রত্যক্ষ বা পরোক্ষ বিনিয়োগ। যে দেশে বর্তমান সময়েও দেশের ৮৩ শতাংশ শ্রমজীবি নিয়োগপত্র বা নিয়মিত ছুটির প্রতিশ্রুতি ছাড়াই কর্ম করে চলেছেন, সেখানে বিদেশী উদ্যোগপতিরা কোন ভরসায় বিনিয়োগ করবে। দেশের কোন সরকারী সংস্থাকে বেসরকারীকরণের পথে নিয়ে গেলেও মন্ত্রীবরের কথিত 'ধামাধরা'গণ নিলামঘরে হাজির না হওয়া পর্যন্ত সমস্ত কার্যক্রম বন্ধ হয়ে থাকে। প্রশ্ন উঠল বিশ্বাস-অবিশ্বাসের। বিমা সংস্থাকে ১০০ শতংশ বেসরকারীকরণের পর আজও পর্যন্ত কোন বিদেশী বিমা কোম্পানী এদেশে বিনিয়োগ করেনি। তার বড় কারণ বিশ্বাস এবং আইনের কিছু ঘোর প্যাঁচ। এতো গেল বিদেশী বিনিয়োগের একটা উদাহরণ। অন্যদিকে ভারত ছেড়ে পালাচ্ছে বহুজাতিক সংস্থা; যার মধ্যে রয়েছে গাড়ি নির্মাতা ফোর্ড, সিমেন্ট উৎপাদনকারী হলসিম এর মত সংস্থা। ২০১৪ সালে মোদীর ক্ষমতায়ন থেকে আজ পর্যন্ত ২৭৮৩টি বহুজাতিক প্রতিষ্ঠান এদেশ ছেড়ে চম্পট দিয়েছে। তাহলে তো সত্যিই 'অচ্ছে দিন' এসে গেছে! নমুনা হিসাবে দেশজুড়ে জ্বলছে 'অগ্নিপথ'-এর আগুন।

# সমকামিতা আগেও ছিল, আজও আছে, কিন্তু সমাধানের পথ কোথায়?

সাধারণ নারী-পুরুষের প্রেমের সম্পর্ক অনেক সময় মেনে নিতে পারেন না আমাদের এদেশে। আবার অনেকক্ষেত্রে দেখা যায় পারিবারিক সম্মান রক্ষায় হত্যা বা খুন হয়েছেন— এমন ঘটনা এদেশে বিরল নয়। আর যেখানে সমলিঙ্গের প্রতি আকর্ষণ, সেখানে তো সেটি রীতিমতো আমাদের সমাজে পাপ বলে গণ্য। আবার, আমরা দেখতে পাই বিশ্বের বহু দেশে সমলিঙ্গের সম্পর্ক আইনত স্বীকৃতি পেয়েছে। বিশেষ করে আমাদের এদেশ অতখানি আশা করা যায় কী ? লিখেছেন— **নির্মল বিশ্বাস**



**নির্মল বিশ্বাস**

মনে পড়ছে, বছর দশ-বারো আগে ঘটে যাওয়া এক ঘটনার কথা। সেদিন খোদ এই রাজ্যের বুকে ঘটেছিল সমকামিদের এক আত্মহত্যার ঘটনা। সেদিন দু'জন সমকামি স্কুল ছাত্রীর আত্মহত্যার ঘটনায় নাড়িয়ে দিয়েছিল গোটা সমাজকে। দু'জনই একসঙ্গে ঝাঁপ দিয়েছিল শিয়ালদহ-বনগাঁগামী লোকাল ট্রেনের সামনে। এই ঘটনায় একজন ঘটনাস্থলে শেষ হয়ে গেল, আর অনজনের মৃত্যু হয়েছিল স্থানীয় হাসপাতালে। একজন দ্বাদশ শ্রেণির আর অন্যজন ছিল দশম শ্রেণির ছাত্রী। ওরা দু'জন একই স্কুলের ছাত্রী। দু'জনই স্কুলে যাওয়ার নাম করে বাড়ি থেকে বেরিয়েছিল সেদিন। স্কুলের পোশাক পরেই চলন্ত ট্রেনের সামনে ঝাঁপিয়ে পড়ে দুজন ওই দিনই। কারণ, ওদের সম্পর্কের ওপর নিষেধাজ্ঞা চাপানো হয়েছিল ওই দুই পরিবারের পক্ষ থেকে।

ওই দু'জনার এই 'অস্বাভাবিক' মেলামেশা ও ঘনিষ্ঠতা আমাদের সমাজ মেনে নেয়নি। আর সেদিন দুটি অপরিণত মন এভাবেই শেষ করে দিয়েছিল জীবনের সবকিছু। এটাকে কি বলা যায় ? পরে অবশ্য এ বিষয়ে জানা গিয়েছে— মেয়ে দুটি বা ওদের পরিবারের দুর্ভাগ্য। অনেকে বলেছেন, এটা নাকি সামাজিক 'অশিক্ষা'? সমকামিকে তো স্বাভাবিক ভাবে দেখার শিক্ষা এদেশ এখনও পায়নি। এমনিতেই সাধারণ নারী-পুরুষের প্রেমের সম্পর্ককে অনেক সময় মেনে নেওয়া হয় না এদেশে।

আবার, অনেকক্ষেত্রে দেখা গিয়েছে, পারিবারিক সম্মান রক্ষার কারণে হত্যা বা খুন হতে হয়েছে। এদেশে এ ঘটনা বিরল নয়। আর যেখানে সমলিঙ্গের প্রতি আকর্ষণ, সেখানে তো রীতিমতো আমাদের সমাজে এক প্রকার পাপ। আবার এও আমরা দেখেছি— বিশ্বের বহু দেশে সমলিঙ্গের সম্পর্ক আইনত স্বীকৃতি পেয়েছে। বিশেষ করে আমাদের এদেশে অতখানি আশা করা যায় না।

সেদিন এই দুই কিশোরীর মৃত্যুর জন্য সমাজকেও পুরোপুরি দায়ী করা যায় না। কারণ, সমাজ এদের অস্বাভাবিকতা ভালো



করতে চেয়েছিল, কখনও ওদেরকে আত্মহত্যা করতে বলেনি। আত্মহত্যা সবসময়ই হঠকারিতা, অপরিণত বুদ্ধির আবেগে করে বসা হঠাৎ এক চরম ভুল। যাকে কখনও কোনও যুক্তিতে সমর্থন করা যায় না। সমস্যা সেখানে নয়, সমস্যা ভাবনায়।

সমকামিতাকে আমরা স্বাভাবিক বলে মানতেই পারি না। সমকামিতা তো যুগের হাওয়া নয়। সমকামিতা বরাবরই ছিল। বাৎস্যায়নের কামসূত্রতেও ছিল। যারা ছিল, তারা পরিবার ও সমাজের চাপে কোনোদিন আত্মপ্রকাশই করতে পারেনি। গুমরে গুমরেই শেষ হয়ে গিয়েছে। কেউ হয়তো আত্মহননের পথ নিয়েছে। তবে আজ সময় বদলেছে। সমকামিরাও বাঁচার দাবি নিয়ে এগিয়ে আসতে চাইছে জীবনের ধর্ম মেনে। অথচ, অশিক্ষিতের মতো আমরা তাদের পায়ে অস্বাভাবিকের তকমা লাগিয়ে দিচ্ছি। এমন কী কখন কখন তাদের বেঁচে থাকার অধিকার পর্যন্ত কেড়ে নেওয়া হচ্ছে জোর করে। কতটা পথ অতিক্রম করলে সমকামিতাকে স্বাভাবিক বলে মেনে নেওয়ার মধ্যে অন্তর্দৃষ্টি পাওয়া যায়, আজও জানা নেই।

একজন পুরুষ যদি একজন পুরুষের সঙ্গে কিংবা একজন নারী যদি আরেকজন নারীর সঙ্গে সারাজীবন কাটাতে চায়, তাহলেই তথাকথিত আধুনিক সমাজ রে রে করে তেড়ে মারতে আসবে। তাহলে ? সমকামিদের সমস্যা একটা নয়। প্রথমে নিজের সঙ্গে যুদ্ধ, তারপর পরিবারের সঙ্গে, আর তারপর সারাজীবন সমাজের সঙ্গে যুদ্ধ। তা সত্ত্বেও তাদের অস্তিত্ব মেনে নেওয়া যায় না। স্বাভাবিক কোনও প্রবৃত্তিকেই দীর্ঘকাল চেপে রাখা যায় না। সমকামও একদিন না একদিন স্বীকৃতি বা প্রতিষ্ঠা পাবেই। এই বিশ্বাস অনেকে করেন। কিন্তু যতদিন তা না হচ্ছে, ততদিন সমকামিরা কি এভাবেই মরে বেঁচে থাকবে ? হয় বেপরোয়া হয়ে সমাজ বহির্ভূতভাবে বাঁচা, অথবা নিজেদের শেষ করে দেওয়া।

এবার প্রশ্ন, একটা সমাজকে আধুনিকমনস্ক করে তুলতে ঠিক কতটা সময় লাগে? আমাদের জানা নেই কবে আসবে সে সুদিন। আধুনিকমনস্ক হওয়ার জন্য শুধু শিক্ষা তো যথেষ্ট নয়, প্রয়োজন আছে উদারতা ও দৃষ্টিরও প্রসরতা। সেলিব্রিটিদের মধ্যেও সমকামি আছেন। অথচ সেলিব্রিটি বলেই যেন তাঁরা নিজেদের শর্তে বাঁচার অধিকার পান। আর যাঁরা সমকামি অথচ নেহাতই সাধারণ, তাঁদেরকে ব্রাত্য করে রাখে সমাজ। ভালো-মন্দ, উচিত-অনুচিতের বিচারে স্বাভাবিকতাকে যদি এভাবে চেপে রাখার চেষ্টা করা হয়, তাহলে অবদমন থেকেই তৈরি হবে অপরাধ মানসিকতা। বিপরীত কামীদের মতো সমকামিরাও এই সমাজের অঙ্গ। স্বাভাবিক প্রকৃতি, এই সহজ সত্যটা মেনে নেওয়ার পথ কি অনতিক্রম্য?

## সাড়ম্বরে অনুষ্ঠিত কলাভূমির কবি বন্দনা

সঞ্জিত সাহা ঃ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২ তম জন্মজয়ন্তী উপলক্ষে কবি বন্দনার আয়োজন করে ঠাকুরনগরের অন্যতম নৃত্যশিক্ষার প্রতিষ্ঠান ঠাকুরনগর কলাভূমির সদস্যগন। বর্ষার জন্য নির্ধারিত দিনের বাতিল হওয়া অনুষ্ঠান সম্পন্ন হয় গত ১০ জুন।



এদিন সন্ধ্যায় ঠাকুরনগর স্টেশন পার্শ্বস্থ খেলার মাঠে অনুষ্ঠিত কবি প্রণামের অনুষ্ঠানে বিশিষ্ট জনদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি ড. অরূপ মজুমদার, বনগাঁ দক্ষিণের প্রাক্তন বিধায়ক বর্ষিয়ান সুরজিৎ কুমার বিশ্বাস, সংস্কৃতি প্রেমী অভিজিৎ বিশ্বাস, বৈদ্যনাথ দলপতি, অবসরপ্রাপ্ত শিক্ষক ও সমাজকর্মী গোবিন্দ ঘটক, দীপক মিত্র ও প্রবীণ শিক্ষক ও সাংবাদিক নীরেশ চন্দ্র ভৌমিক প্রমুখ।

কলাভূমির কর্ণধার বিশিষ্ট নৃত্য শিক্ষক কৃষ্ণ বণিক উপস্থিত সকলকে স্বাগত জানান। বিশিষ্ট ব্যক্তিবর্গ তাঁদের বক্তব্যে কবিগুরুর জীবন, কর্ম ও বিভিন্ন রচনার উপর আলোকপাত করে বক্তব্য রাখেন। সংস্থার শিশু শিল্পীদের সংগীত ও নৃত্যানুষ্ঠানের মধ্য দিয়ে কবি বন্দনার অনুষ্ঠানের সূচনা হয়। প্রশিক্ষক কৃষ্ণ বণিকের নির্দেশনায় কবিগুরুর বিভিন্ন গানের উপর মনোজ্ঞ নৃত্য পরিবেশন করেন সংস্থার ছোট বড় নৃত্যশিল্পীগণ। মাঠ ভর্তি দর্শক সাধারণ কলাভূমির নৃত্যশিল্পীদের মনোজ্ঞ নৃত্যানুষ্ঠানকে বেশ উপভোগ করেন। বিশিষ্ট বাচিক শিল্পী ও শিক্ষক বাবুলাল সরকারের পরিচালনায় কলাভূমি আয়োজিত বিশ্বকবির ১৬২ তম জন্ম জয়ন্তীর অনুষ্ঠান বেশ প্রাণবন্ত হয়ে ওঠে।

## মৃদঙ্গম এর প্রতিষ্ঠা দিবসে নানা অনুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ সংস্থার ১০ বর্ষ পূর্তি উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করে নাটকের শহর গোবরডাঙ্গার অন্যতম নাট্যদল মৃদঙ্গম এর সদস্যরা।

প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ছিল রবীন্দ্র ও নজরুল বন্দনা। কবিদ্বয়ের স্মরণে সংগীত পরিবেশন করেন গোবরডাঙ্গার মুকুলিকা গানের স্কুলের কর্ণধার বিশিষ্ট সংগীত শিল্পী অনিমা দাস মজুমদার।

মৃদঙ্গমের এদিনের আয়োজিত প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে বিশিষ্ট জনেদের মধ্যে উপস্থিত ছিলেন স্বামধন্য নাট্যব্যক্তিত্ব আশিস চট্টোপাধ্যায়, জীবন অধিকারী, দীপা ব্রহ্ম, প্রবীণ সাহিত্যিক ভবানী ঘটক প্রমুখ।



মৃদঙ্গম এর প্রাণপুরুষ বরুণ কর উপস্থিত সকলকে সাদর অভ্যর্থনা জ্ঞাপন করেন। সংস্থার সদস্যগণ সংগীত, নৃত্য, আবৃত্তি এবং কথাও কবিতায় কবিদ্বয়কে স্মরণ করেন ও শ্রদ্ধা জানান। নাট্য পরিচালক বরুণ করের পরিচালনায় পরিবেশিত হয় সকলের ভালো লাগার নাটক।

নানা অনুষ্ঠান ও বহু সংস্কৃতি প্রেমী মানুষজনের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে মৃদঙ্গম এর প্রতিষ্ঠা দিবস ও কবি বন্দনায় অনুষ্ঠান সার্থক হয়ে ওঠে।

## মাইম একাডেমীর বাৎসরিক উৎসবে নানা অনুষ্ঠান

সঞ্জিত সাহা ঃ ১০ দিন ব্যাপী বার্ষিক সাংস্কৃতিক কর্মশালা শেষে সম্প্রতি অনুষ্ঠিত হল ঠাকুরনগর মাইম একাডেমী অফ কালচার আয়োজিত ১৯ তম বর্ষের বাৎসরিক উৎসব। একাডেমীর জানকী মঞ্চে আয়োজিত উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি প্রাক্তন সাংসদ ড. অসীম বালা, সংস্কৃতি প্রেমী বিদ্যুৎ মণ্ডল, সংগীত শিল্পী ঝর্ণা মণ্ডল ছিলেন প্রবীণ শিক্ষক ও বিশিষ্ট সাংবাদিক নীরেশ চন্দ্র ভৌমিক। মাইম একাডেমীর সম্পাদক বিশিষ্ট মূকাভিনেতা চন্দ্রকান্ত শিরালী উপস্থিত সকলকে স্বাগত জানান। বিশিষ্ট ব্যক্তিগণ কর্মশালায় উপস্থিত প্রশিক্ষনার্থীগণের হাতে শংসাপত্র তুলে দিয়ে শুভেচ্ছা জানান এবং আয়োজিত উৎসবের সাফল্য কামনা করেন। তিন দিন ব্যাপী অনুষ্ঠিত উৎসবে উল্লেখযোগ্য অনুষ্ঠানগুলির মধ্যে ছিল 'থিয়েটার ও মাইম' শীর্ষক সেমিনার। ঝর্ণা মণ্ডলের সংগীতানুষ্ঠান, ধূমকেতু পাপেট থিয়েটারের পুতুল নাটক, কর্মশালার প্রশিক্ষনার্থীগণ পরিবেশিত মঞ্চ নাটক 'মানবিক'। ছিল দীপক মুস্তাফির হাস্যকৌতুক, ধৃতি শিরালীর নৃত্যানুষ্ঠান, গোবরডাঙ্গার রবীন্দ্র নাট্য সংস্থার মজার নাটক 'হাত গণনা'। শেষ দিনে



বসিরহাটের কিংশুক নাট্যদল মঞ্চস্থ করে মঞ্চসফল নাটক ময়নামতীর ইতিকথা, হালিশহর রংতাল থিয়েটার পরিবেশন করে মূকাভিনয়। সবকিছু মিলিয়ে ঠাকুরনগর মাইম একাডেমী আয়োজিত বার্ষিক উৎসব-২০২২ নানা অনুষ্ঠান ও অগনিত দর্শক সমাগমে সার্থক হয়ে ওঠে।

## পন্ডিত বিরজু মহারাজের স্মরণে নৃত্যানুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ দুর্গা প্রসাদী সংগীত মহাবিদ্যালয়ের উদ্যোগে গত ৩ জুন মিনার্ভা থিয়েটার হলে অনুষ্ঠিত হয় প্রয়াত পদ্মবিভূষণ পণ্ডিত বিরজু মহারাজজীর শ্রদ্ধাঞ্জলীর অনুষ্ঠান। এদিনের শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে বিশিষ্টজনেদের মধ্যে উপস্থিত ছিলেন বিদুষী শাশ্বতী সেন, কানন সেন, জয় কৃষাণ মহারাজ ও দীপক মহারাজ প্রমুখ। এদিনের বিরজু মহারাজের শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে নৃত্যের ডালি নিয়ে উপস্থিত হন বাণীপুর সুন্দরম এর কর্ণধার স্বনামধন্য কথক নৃত্যশিল্পী সুজিত কর্মকার। শ্রী কর্মকার ও তাঁর কলাকুশলী ও সহ-শিল্পীগণ পরিবেশিত নৃত্যের অনুষ্ঠান সমবেত দর্শক মণ্ডলীকে মুগ্ধ করে।

বিজ্ঞাপনের জন্য
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫

## ইমন মাইমের কর্মশালায় বাংলাদেশের দেওয়ান মামুন

সঞ্জিত সাহা ঃ মছলন্দপুরের ঐতিহ্যবাহী ইমন মাইম সেন্টারের পরিচালায় গত ১৫ মে থেকে শুরু হয়েছে ২৫ সপ্তাহ ব্যাপী মূকাভিনয় ও নাটকের কর্মশালা। প্রতি সপ্তাহে অনুষ্ঠিত এই কর্মশালায় দুটি বিভাগে ছোট ও বড়দের মূকাভিনয় ও নাটকের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। গত ১২ জুন রবিবার সাপ্তাহিক এই কর্মশালায় উপস্থিত ছিলেন ওপার বাংলার স্বনামধন্য মূকাভিনেতা দেওয়ান মামুন। এদিন মামুন মূকাভিনয়ের প্রশিক্ষণ ছাড়াও কর্মশালায় উপস্থিত ভবিষ্যৎ প্রজন্মের ছেলেমেয়েদের আদর্শ ও মানবিক চরিত্র গঠনের এবং সামাজের প্রতি একজন শিল্পীর ভূমিকা ও কর্তব্যের উপর আলোকপাত করেন। এদিনের কর্মশালায় পড়শি দেশের এক বিশিষ্ট মূকাভিনেতা মামুনকে পেয়ে যারপরনাই খুশি সকল প্রশিক্ষনার্থিগণ। সকলের মধ্যে বেশ উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়। প্রখ্যাত মূকাভিনেতা শিল্পী দেওয়া মামুনকে এদিন আয়োজক সংস্থার পক্ষ থেকে 'ইমন সম্মানে' ভূষিত করা হয়।



ইমন মাইম সেন্টারের প্রাণপুরুষ বিশিষ্ট মূকাভিনেতা ধীরাজ হাওলাদার জানান, নিয়মিত এই সাপ্তাহিক কর্মশালার মাধ্যমে সমবেত প্রশিক্ষনার্থীগণকে নাটক ও মূকাভিনয়ের মাধ্যমে সুস্থ সংস্কৃতির চর্চা এবং সেই সঙ্গে একজন আদর্শবান মানুষ তৈরী করাই আমাদের একমাত্র লক্ষ্য ও উদ্দেশ্য। শ্রী হাওলাদার আরোও জানান, কর্মশালায় উপস্থিত ছোটদের নিয়ে বিশিষ্ট নাট্য পরিচালক জয়ন্ত সাহার নির্দেশনায় একটি নাট্যদল গঠন এবং সেই সঙ্গে একটি নাটক তৈরীর কাজও চলছে।

## পরশ এর বার্ষিক উৎসবে মূক নাটক হোমলক

সঞ্জিত সাহা ঃ গত ১৫ জুন ঠাকুরনগরের অন্যতম সাংস্কৃতিক সংগঠন পরশ সোশ্যাল এ্যান্ড কালচারাল অর্গানাইজেশান এর বার্ষিক উৎসব অনুষ্ঠিত হল স্থানীয় মিলন সংঘের হলে। এদিন সন্ধ্যায় আয়োজিত উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট জনেদের মধ্যে উপস্থিত ছিলেন অবসর প্রাপ্ত শিক্ষক ও সমাজসেবী গোবিন্দ ঘটক, সংস্কৃতি প্রেমী বিদ্যুৎকান্তি মণ্ডল, বৈদ্যনাথ দলপতি, ঝর্ণা মণ্ডল ও শ্রমন কুমার, ছিলেন প্রবীন শিক্ষক ও সাংবাদিক নীরেশ চন্দ্র ভৌমিক।

পরশ এর কর্ণধার বিশিষ্ট মূকাভিনেতা শাশ্বত বিশ্বাস উপস্থিত সকলকে স্বাগত জানান, সংস্থার সদস্যা পায়েল বিশ্বাস ও মিঠু বিশ্বাস বিশিষ্ট জনদের পুস্পস্তবকে বরণ করে নেন। প্রখ্যাত সংগীত শিল্পী ঝর্ণা মণ্ডল ও সহ শিল্পীগণের কণ্ঠে সমবেত সংগীতের মধ্য দিয়ে এদিনের মূকনাটক ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের সূচনা হয়। রবীন্দ্র কবিতা পাঠ করে শোনান অঞ্জনা বিশ্বাস, নৃত্য পরিবেশন করেন ঈশিতা মণ্ডল ও ছোট্ট সারা রায়। সবশেষে পুরস্কার প্রাপ্ত মূকাভিনেতা শাশ্বত বিশ্বাসের নির্দেশনায় সংস্থার মূকশিল্পীগণ পরিবেশন করেন নতুন মূকনাটক হোমলক। শাশ্বতবাবুর কাহিনী নিয়ে নতুন এই মূকনাটকটিতে করোনা কালের অবস্থা এবং সেই সঙ্গে করোনা প্রতিরোধে অবশ্য পালনীয় বিধি নিষেধগুলো উঠে আসে। সমবেত দর্শক মণ্ডলী পরশ এর নবতম প্রযোজনা হোমলক মূকনাটকটি বেশ উপভোগ করেন। ভারত সরকারের সংগীত ও নাটক একাডেমীর অর্থানুকূল্যে অনুষ্ঠিত পরশ এর বার্ষিক উৎসব নানা অনুষ্ঠানে সার্থক হয়ে ওঠে।




## নাবালিকাকে ধর্ষণের অভিযোগে ধৃত যুবক

প্রতিনিধি : ফাঁকা বাড়িতে ডেকে নিয়ে গিয়ে নাবলিকাকে ধর্ষণের অভিযোগ উঠল এক যুবকের বিরুদ্ধে। নাবালিকার অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেফতার করল গোপালনগর থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতর নাম শুভজিৎ মন্ডল। গোপালনগর থানা এলাকার বাসিন্দা। দিন কয়েক আগে নাবালিকা থানায় অভিযোগ জানানোর পর থেকে পলাতক ছিল অভিযুক্ত। শনিবার ভোরে গোপালনগর থানার গাজীপুর এলাকা থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। ধৃতকে পুলিশ নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানিয়ে বনগাঁ মহকুমা আদালতে পাঠিয়েছেন। বনগাঁ মহাকুমা আদালতের সরকারি আইনজীবী অসীম দে বলেন, "ধৃত শুভজিৎ মন্ডলের বছর ১৫ র নাবালিকাকে ভালোবাসার জালে ফাঁসিয়ে নিজের বাড়িতে নিয়ে গিয়ে ধর্ষণ করেছে। পুলিশ এই অভিযোগেই গ্রেপ্তার করেছে।

## পাশ করানোর দাবিতে রাস্তা অবরোধ ছাত্রীদের

প্রতিনিধি : দিন কয়েক আগে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা হয়েছে। তাতে অনেকেই পাশ করতে পারেননি।

এবার সেই সমস্ত ছাত্রীরা পাশ করিয়ে দেওয়ার দাবিতে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালো। সোমবার সকালে বনগাঁ কুমুদিনী বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা যশোর রোডের বাটা মোড় অবরোধ করে বিক্ষোভ দেখায়।

তাদের বক্তব্য, সিলেবাসের বিভিন্ন রকম পরিবর্তন করা, অনলাইন, অফলাইন এইসব নানাবিধ সমস্যা তৈরি হয়েছিল পরীক্ষার আগে। তার পরেও আমরা এমন খারাপ পরীক্ষা দিইনি যে ফেল করব। আমাদের থেকে অনেকেই খারাপ পরীক্ষা দিয়ে পাশ করেছে। তাদের দাবি, পাশ করিয়ে দিতে হবে।

স্কুল সূত্রে জানা গিয়েছে, এবছর উচ্চ মাধ্যমিকে কুমুদিনী উচ্চ বালিকা বিদ্যালয় থেকে ২৭৯ জন ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল। তাদের মধ্যে ৩৭ জন ইংরেজি সহ বিভিন্ন বিষয়ে অকৃতকার্য হয়েছে। এদিন সকালে স্কুলের তালিকা টাঙানো হয়েছিল। সেই তালিকা দেখে ক্ষোভে ফেটে পড়েন ছাত্রীরা। পরে যদিও পুলিশ প্রশাসন ও স্কুলের আশ্বাসে অবরোধ উঠে যায়।

## বিশ্ব রক্তদাতা দিবসে গোবরডাঙা রঙ্গভূমির শিক্ষামূলক নাট্যানুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ রক্তদান আন্দোলনকে জোরদার এবং রক্তদাতাদের উৎসাহিত করে তুলতে ১৪ জুন বিশ্ব রক্তদাতা দিবসে নাটকের মাধ্যমে প্রচারাভিযানের আয়োজন করে ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের রাষ্ট্রীয় নাট্য বিদ্যালয় কর্তৃপক্ষ। সংস্থা সূত্রে জানা যায়, জাতির ৭৫তম স্বাধীনতা দিবসকে সামনে রেখে এদিন ২৫টি গ্রুপ দেশের ৭৫টি স্থানে নাট্যানুষ্ঠানের মাধ্যমে রক্তদাতাদের রক্তদানে উৎসাহিত করা হয়। 'রক্তদান মহাদান' এই স্লোগানকে সামনে রেখে স্বাধীনতার প্লাটিনাম জয়ন্তীতে আজাদী কা অমৃত মহোৎসবকে সার্থক করে তুলতে জীবন রক্ষায় প্রত্যেককে জীবনে একবার স্বেচ্ছা রক্তদানের আহ্বান জানানো হয়। ন্যাশনাল স্কুল অফ ড্রামার এদিনের এই মহতী কর্মসূচীতে অংশ নেন এরাজ্যের নাটকের শহর গোবরডাঙার অন্যতম নাট্যদল বঙ্গ ভূমির কুশীলবগন। সংস্থার কর্ণধার বিশিষ্ট নাট্য পরিচালক বিধান হালদার জানান, এদিন তাঁরা উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা ব্লকের ইছাপুরের নেতাজী বাজার, স্বরূপনগর থানার পারুই এফ পি স্কুল প্রাঙ্গন ও পূবালী বাজারে রক্তদান আন্দোলনের সপক্ষে প্রচারমূলক নাট্যাভিনয়ে অংশ নেন। এলেকার সাধারন মানুষজন রঙ্গভূমি নাট্যদলের কুশীলবগনের নাটক দেখেন। শুভবুদ্ধিসম্পন্ন মানুষজন সংস্কৃতি মন্ত্রক ও জাতীয় নাট্য বিদ্যালয়ের এই মহতী উদ্যোগকে সাধুবাদ জানান।

## বিশ্ব রক্তদাতা দিবসে শততম রক্তদাতাকে সংবর্ধনা মুকুলিকার

নীরেশ ভৌমিক ঃ গত ১৫ জুন বিশ্ব রক্তদাতা দিবসে ১০০ বারের রক্তদাতা সংস্থার সদস্য ও শিক্ষক অরিন্দম দে কে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন গোবরডাঙ্গার মুকুলিকা গানের স্কুলের সদস্যগণ। বিশ্বরক্তদাতা দিবসকে স্মরণ করে রাখতে মুকুলিকা অঙ্গনে এদিন একটি অনাড়ম্বর অনুষ্ঠানে একশততম বার রক্তদাতা পরিবেশ প্রেমী শিক্ষক অরিন্দম বাবুকে শ্রদ্ধা ও সম্মান জানানো হয়। এলাকার মানুষজনকে রক্তদানে উৎসাহিত করতে আগামী দিনে সংস্থার ব্যবস্থাপনায় আরোও বড় করে বিশ্বরক্তদাতা দিবস পালন করা হবে বলে সংস্থার কর্ণধার বিশিষ্ট সংগীত শিল্পী ও প্রশিক্ষিকা অনিমা দেবী জানান।



## ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের সম্মেলন

নীরেশ ভৌমিক ঃ গত ১১ জুন চাঁদাপাড়ার ঐতিহ্য অনুষ্ঠান গৃহে অনুষ্ঠিত হয় ভারতের গনতান্ত্রিক যুব ফেডারেশনের (DYFI) গাইঘাটা পূর্ব লোকাল কমিটির ২য় সম্মেলন। লোকাল কমিটির সভাপতি অনিমেষ মন্ডল কর্তৃক সংগঠনের শ্বেত পতাকা উত্তোলন ও বিশিষ্ট সংগীত শিল্পী রাজু দেবনাথের সংগীতের মধ্যদিয়ে সম্মেলনের সূচনা হয়। সম্মেলনে দলের বিশিষ্ট নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন, প্রবীণ সিপি আই এম নেতা কপিল ঘোষ।

সি আই টি ইউ নেতা কৃষ্ণ চৌধুরী, দলীয় শিক্ষক নেতা প্রশান্ত দাস, প্রফুল্ল বসু। প্রাক্তন সৈনিক দিলীপ রায়, দলনেতা বাপ্পা চৌধুরী, প্রফুল্ল মন্ডল, দিবাকর ঘোষ ও দলীয় পঞ্চায়েত সদস্য শতদল দেব প্রমুখ।

ব্লকের বিভিন্ন অঞ্চল থেকে শ'খানেক প্রতিনিধি সম্মেলনে যোগ দেন। প্রতিনিধিগন রাজ্য রাজনীতি, পেট্রোপন্য সহ বিভিন্ন প্রয়োজনীয় দ্রব্যাদি ও জীবনদায়ি ঔষধের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও বেকারত্ব বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করেন।

সেই সঙ্গে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনবিরোধী নীতিরও কঠোর সমালোচনা করেন। বিশিষ্ট নেতা কপিল ঘোষের উদ্যোগে এদিন উচ্চমাধ্যমিকে রাজ্যে একাদশ ও জেলায় ৬ষ্ঠ স্থানাধিকারী ৪৮৮ মার্কস প্রাপ্ত চাঁদপাড়া বাণী বিদ্যাবীথি উচ্চ বিদ্যালয়ের ছাত্র সুমন সাহাকে উদ্যোক্তারা বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন। সম্মেলনে সর্বসম্মতভাবে ময়ূখ মন্ডলকে সম্পাদক করে ১৭ জনের কমিটি গঠিত হয়। নবগঠিত কমিটির সম্পাদক শ্রীমন্ডল জানান, আগামী ১৭-১৯ জুন বসিরহাটে ডি ওয়াই এফ আই এর জেলা সম্মেলন অনুষ্ঠিত হবে।

## ধৃত বিজেপি নেত্রী

প্রথমপাতার পর...

পার্শ্ববর্তী গ্রামের মহিলা সুশীলা বিশ্বাস সমৃদ্ধি যোজনার লোন পাইয়ে দেওয়ার কথা বলেন। চন্দনা দেবি জানিয়েছেন, সুশীলা তাকে জানিয়েছিল ২০ হাজার টাকা লোন পাওয়া যাবে। আর সেই লোনের টাকা তাকে পরিশোধ করতে হবে না। তবে তার বিনিময়ে সুশিলাকে ১৫ হাজার টাকা দিতে হবে। সংসারে অভাব থাকায় তখন সুশীলার প্রস্তাবে রাজি হয়ে যান চন্দনা। সম্প্রতি লোনের টাকা ঢুকেছে চন্দনার ব্যাঙ্কে। সোমবার চন্দনা রায় ও তার ভাই সৌমিত্র শিকদার ব্যাংক থেকে টাকা তুলে নিয়ে সুশীলার বাড়িতে টাকা দিতে যায়। অভিযোগ, তখন সুশীলা ১৫ হাজার টাকার জায়গায় ১৬ হাজার টাকা দাবি করে। যা নিয়ে তাদের মধ্যে বচসা বাধে। অভিযোগ, রাজি না হওয়ার তাদের মারধোর করে সুশীলা ও তার ছেলে-মেয়ে। তার দাবি, "মারধোর করে তাদের কাছে থাকা ১০ হাজার টাকা ছিনিয়ে নেয় সুশীলা।" ঘটনার বিবরণ জানিয়ে বাগদা থানায় অভিযোগ দায়ের করে চন্দনা। অভিযোগ পেয়ে মা-মেয়েকে গ্রেপ্তার করে পুলিশ। এই ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। বাগদা পশ্চিম ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি অঘোর চন্দ্র হালদার বলেন, "সুশীলা বিশ্বাস বিজেপি কর্মী। মহিলা সমৃদ্ধি যোজনার টাকা নিয়ে তিনি যা করেছেন, পুলিশের কাছে তার তদন্তের অনুরোধ করছি। তার দৃষ্টান্তমূলক শাস্তির আবেদন করছি আমরা।" সুশীলা যে বিজেপি কর্মী তা মেনে নিয়েছেন বাগদা দুই নম্বর মণ্ডলের বিজেপি সভাপতি হরষিত চন্দ্র বালা। তিনি বলেন, "সুশীলা মণ্ডল বিজেপির কমিটিতে ছিলেন কিন্তু বর্তমানে নেই। তিনি ব্যক্তিগতভাবে যদি এই কাজ করে তাহলে তার সাজা হওয়া উচিত।" তাঁর দাবি, "বিজেপি তো আর অন্যায় করতে বলেনি। নিজে অন্যায় করেছেন। তার অবশ্যই শাস্তি হওয়া উচিত।"

## পণ্ডিত বিরজু মহারাজের স্মরণে নৃত্যানুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ দুর্গা প্রসাদী সংগীত মহা বিদ্যালয়ের উদ্যোগে গত ৩ জুন মিনার্ভা থিয়েটার হলে অনুষ্ঠিত হয় প্রয়াত পদ্মবিভূষণ পণ্ডিত বিরজু মহারাজজীর শ্রদ্ধাঞ্জলীর অনুষ্ঠান।

এদিনের শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বিদুষী শাশ্বতী সেন, কানন সেন, জয় কৃষ্ণান মহারাজ ও দীপক মহারাজ প্রমুখ। এদিনের বিরজু মহারাজের শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে নৃত্যের ডালি নিয়ে উপস্থিত হন বানীপুর সুন্দরম এর কর্ণধার স্বনামধন্য কত্থক নৃত্য শিল্পী সুজিত কর্মকার। শ্রী কর্মকার ও তাঁর কলাকুশলী ও সহ-শিল্পীগণ পরিবেশিত নৃত্যের অনুষ্ঠান সমবেত দর্শকমণ্ডলীকে মুগ্ধ করে।

পড়ুন পড়ান সার্বভৌম সমাচার
বিজ্ঞাপনের জন্য এখনই যোগাযোগ করুন
সার্বভৌম সমাচার
HTTPS://WWW.SARBABHAUMASAMACHAR.IN/

## চালু হল ঢাকা-কলকাতা বাস পরিষেবা

প্রথমপাতার পর...

বাসটি সরাসরি পৌঁছবে সল্টলেক করুণাময়ীতে। শুক্রবার বিকেলে বাসটি পেট্রাপোলে আসার পর এদেশের কর্মীরা স্বাগত জানায়। পেট্রাপোল বন্দর সূত্রে জানা গিয়েছে, ভারত বাংলাদেশের মধ্যে দৈনিক কয়েক হাজার যাত্রী যাতায়াত করেন। বাংলাদেশ থেকে বহু মানুষ আসেন ভারতে চিকিৎসার জন্য। তাদের জন্য কয়েক বছর আগে দু দেশের সরকার যৌথভাবে বাস পরিষেবা চালু করে। শ্যামলী ও সৌহার্দ্য নামের দুটি বাস পেট্রাপোল বন্দর দিয়ে দীর্ঘদিন যাতায়াত করছিল।

২০২০ সালের ২০ মার্চ করোনার কারণে এই আন্তর্জাতিক বাস পরিষেবা বন্ধ হয়ে যায়। করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর থেকে দুপারের যাত্রীরা ঢাকা কলকাতা বাস পরিষেবার পুনরায় চালুর দাবি জানিয়ে আসছিল। বাস পরিষেবা চালু হওয়ায় খুশি যাত্রীরা। বাংলাদেশের বরিশাল থেকে এসেছেন ইবাদুল হক। তিনি বলেন, আমাদের খুব সুবিধা হল। ঢাকা থেকে কলকাতায় যাওয়ার মধ্যে গুরুত্বপূর্ণ জায়গাগুলিতে বাসটিতে প্যাসেঞ্জার উঠা-নামার সুবিধা থাকলে খুবই উপকৃত হয়।

পেট্রাপোল ব্যবসায়ী সংগঠনের সদস্য অশোক ঘোষ বলেন, "করোনা লকডাউনে দু'বছর বন্ধ থাকার পর ফের চালু হলো বাস পরিষেবা। এতে দু'দেশের যাত্রীদের সুবিধা হবে। পাশাপাশি দু'দেশের মৈত্রীর বন্ধন আরো দৃঢ় হল।

## বিজেপির টার্গেট, উদ্বাস্তুদের নাগরিকত্ব দেওয়া-সুকান্ত

প্রথমপাতার পর...

বিধানসভা ভোটের পর থেকে বনগাঁ বিজেপির গোষ্ঠী দ্বন্দ্বে জেরবার। কয়েক মাস আগে মনস্পতি দেবকে সরিয়ে বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি করা হয় রামপদ দাসকে। যা নিয়ে বিজেপির একাংশের ক্ষোভ প্রকাশ্যে চলে আসে। এদিন শান্তনুর অনুপস্থিতিতে সেই গোষ্ঠীদ্বন্দ্ব নতুন করে মাথা চাড়া দিল।

এদিনের সভায় বনগাঁ উত্তর কেন্দ্রের বিধায়ক অশোক কীর্তনীয়া মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে মুকুল রায়কে আক্রমণ করে বলেন, "তিনি একজন "লাথ্খোর নেতা"। যদিও সুকান্ত বাবু জানিয়েছেন, দল এই মন্তব্যকে সমর্থন করেন না। এটা ওনার ব্যক্তিগত মতামত।

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র ₹ 2 Postal Regn No.- Brs/135/2020-2022 Thursday □ Vol. 06 □ Issue 13 □ 16 Jun, 2022

# ভুয়ো জব কার্ড বানিয়ে কোটি টাকার দুর্নীতির অভিযোগ

জয় চক্রবর্তী : মৃত ব্যক্তি,এলাকায় না থাকা ব্যক্তিসহ বহু বাসিন্দাদের নামে ভুয়ো জব কার্ড বানিয়ে এমজিএনআরইজিএ প্রকল্পের মাধ্যমে কোটি টাকা আত্মসাতের অভিযোগ উঠল পঞ্চায়েতের সুপারভাইজারের বিরুদ্ধে। যা নিয়ে সোচ্চার হলেন গ্রামের বাসিন্দারা। বাগদা থানার আষাঢু গ্রাম পঞ্চায়েত এলাকার ঘটনা। অভিযুক্ত সুপারভাইজার চাঁপারুই গ্রামের বিকাশ মণ্ডলের নামে উত্তর ২৪ পরগনা জেলাশাসক, বনগাঁ মহকুমা শাসকের কাছে লিখিত অভিযোগ জানিয়েছে বাসিন্দারা। আরও অভিযোগ, বিকাশ মণ্ডল এলাকার মৃত ও চলে যাওয়া ব্যক্তিদের পাশাপাশি তার বছর ১৩র মেয়ের বয়স বাড়িয়ে আঠারো বছর বানিয়ে নিজের বাড়িতে তিনটি জব কার্ড তৈরি করে টাকা তুলে নিয়েছে।

স্থানীয়দের দাবি, সুপারভাইজারের সঙ্গে এই কাজে যুক্ত রয়েছে স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান, সদস্য সহ তৃণমূল নেতারা। নেতাদের সহযোগিতায় দীর্ঘদিন ধরে এভাবে ভুয়ো জব কার্ড বানিয়ে কয়েক কোটি টাকা তারা নিজেদের মধ্যে ভাগবাটোয়ারা করে। তদন্ত করে দোষীদের গ্রেপ্তারের দাবি তুলেছেন বাসিন্দারা। বিজেপির অভিযোগ, শুধু আষাঢু পঞ্চায়েতেই নয়, বাগদার প্রতিটি পঞ্চায়েতের সব গ্রামে খুঁজলেই এরকম বহু ভুয়ো জব কার্ডের মাধ্যমে টাকা তুলে নেওয়ার ঘটনা আছে। বনগাঁ সাংগঠনিক জেলার বিজেপি সভাপতি অমৃতলাল বিশ্বাস বলেন, "প্রশাসনের একাংশ ও তৃণমূল নেতাদের একাংশ এই কাজের সঙ্গে যুক্ত। ভুয়ো জব কার্ডের মাধ্যমে বাগদাব্লক থেকে কোটি কোটি টাকা তুলে নেওয়া হয়েছে।" যদিও অভিযোগ অস্বীকার করেছে সুপারভাইজার বিকাশ মন্ডল। তিনি বলেন, "আমি যদি দুর্নীতি করে থাকি, প্রশাসন তদন্ত করে দেখুক।"

সূত্রে জানা গিয়েছে, এম জি এন আর ই জি এ প্রকল্পের মাধ্যমে গ্রামের গরীব মানুষদের কাজের মাধ্যমে স্বনির্ভর করার বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে। এই কাজে যুক্ত ব্যক্তিদের জন্য জব কার্ড দেওয়া হয়। জব কার্ড হোল্ডারদের কাজের হিসেব অনুযায়ী তাঁদের একাউন্টে টাকা দেওয়া হয়। চাঁপারুই গ্রামের ক্ষুব্ধ বাসিন্দারা জানিয়েছেন, বছরখানেক আগে তারা বিষয়টি প্রশাসনকে জানিয়েছিল। এতে কোনো ফল না হওয়া সম্প্রতি তারা অনলাইনের মাধ্যমে কাগজপত্র তোলেন। তারা দেখতে পান, এলাকার অনেক বাসিন্দারা রয়েছেন, যারা বাইরে থাকেন। তাদের নামে জব কার্ড তৈরি করা হয়েছে। অনেকের ক্ষেত্রে অন্য ছবি ব্যবহার করে কাজ দেখিয়ে টাকা তুলে নেওয়া হয়েছে। বছর ১৫ আগে স্থানীয় বিশ্বনাথ চক্রবর্তী হরিণঘাটা চলে গেছে। তার নামে জব কার্ড বানিয়ে প্রায় ১৮ হাজার টাকার বেশি তুলে নেওয়া হয়েছে, তপন ব্যানার্জি কুড়ি বছর আগে এলাকার ছেড়ে অন্য এলাকায় বসবাস করছে, তার নামে টাকা তুলে নেওয়া হয়েছে।গ্রামের অবসরপ্রাপ্ত সৈনিক হরিদাস মণ্ডল। তিনি জানেন না তার নামে জব কার্ড রয়েছে। তার জব কার্ডে অন্য পরিবারের ছবি বসানো রয়েছে। হরিদাস বাবু বলেন, "আমার নামে জব কার্ড বানিয়ে তা থেকে টাকাও তুলে নেওয়া হয়েছে কিন্তু আমি কোন কিছুই জানিনা। কিভাবে এটা সম্ভব হল। প্রশাসন তদন্ত করে দেখুক এবং দোষীদের সাজা দিক।"

১ জানুয়ারি ২০২২ এ দুরারোগ্য ব্যাধিতে মৃত্যু হয়েছে সিভিল ইঞ্জিনিয়ার উজ্জ্বল মণ্ডলের। অভিযোগ, তাঁর এবং তাঁর স্ত্রীর নামে ২৮শে ফেব্রুয়ারি টাকা তোলা হয়েছে। স্থানীয় রতন বিশ্বাস এলাকায় থাকেন না। বনগাঁয় থাকেন। অভিযোগ, তার জব কার্ডের ছবি বদল করে জব কার্ড বানিয়ে টাকা তুলে নেওয়া হয়েছে। এমন প্রায় শতাধিক ভুয়ো জব কার্ডের নামের তালিকা তুলে দেন বাসিন্দারা। বাসিন্দাদের অভিযোগ, "এলাকায় পুকুর কাটা, মাটি ভরাট সহ একাধিক বিষয়ে কাজ না করে কাজের নামে লক্ষ লক্ষ টাকা তুলে নেওয়া হয়েছে। অথচ এলাকার গরীব মানুষ পঞ্চায়েতের জব কার্ড করতে গেলে নেতারা বলে আর হবে না।

সোমবার দুপুরে চাপারুই গ্রামের পুরুষ-মহিলারা জব কার্ডের নথি হাতে নিয়ে বিক্ষোভ জানান। এদিন আষাঢু গ্রাম পঞ্চায়েতের প্রধান সরস্বতী মুন্ডা বলেন, "আমরা কোন দুর্নীতি সঙ্গে যুক্ত থাকি না। বিজেপি লোকজন এই সমস্ত অভিযোগ করাচ্ছে। দোষী হলে সুপারভাইজার-এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

এ বিষয়ে বাগদা পঞ্চায়েত সমিতির সভাপতি গোপা রায় বলেন, "এমন অভিযোগ আমরাও শুনেছি। বিষয়টি উড়িয়ে দেওয়া যাচ্ছে না।গ্রামের লোকেরা ডিএম, এইচডিওর কাছে অভিযোগ করেছে। ভিডিও সাহেবকে বলেছি এর পুঙ্খানুপুঙ্খ বিচার করে তদন্ত করতে।

# খাবারের সঙ্গে কীটনাশক খাইয়ে পথ কুকুর মারার অভিযোগ, রাস্তা অবরোধ এলাকাবাসির

প্রতিনিধি : রাস্তার আশেপাশে ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে বেশ কয়েকটি মৃত কুকুর। তা দেখে উত্তেজিত হয়ে পড়লেন স্থানীয় বাসিন্দারা। মৃত কুকুরগুলোকে রাস্তায় রেখে অবরোধ শুরু করল বাসিন্দারা।



রবিবার সকালে ঘটনাটি ঘটেছে গোপালনগর থানার নহাটা ফুলবাড়ি এলাকার নহাটা নিমতলা সড়কে।

স্থানীয়দের অভিযোগ, "রাতে খাবারের সঙ্গে কীটনাশক খাইয়ে ১৪ টি পথ কুকুর মেরে ফেলা হয়েছে। দোষীদের গ্রেপ্তারের দাবিতে তাঁরা। ঘটনাস্থলে গোপালনগর থানার পুলিশ পৌঁছে আশ্বস্ত করলে অবরোধ উঠে যায়। অবরোধকারীদের দাবি,স্থানীয় একান্ত সরকার নামে এক ব্যক্তি দইয়ের সঙ্গে কীটনাশক মিশিয়ে কুকুরগুলোকে খাইয়েছেন। তাঁর বিরুদ্ধে থানায় স্মারকলিপি দেয় স্থানীয়রা। যদিও একান্ত সরকারের
পরিবারের সদস্যরা অভিযোগ অস্বীকার করেছে।

পুলিশ জানিয়েছে, এই বিষয়ে গোপালনগর থানায় একান্ত সরকারের নামে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ও স্থানীয়রা জানিয়েছেন, এদিন সকালে স্থানীয়রা দেখতে পান ফুলবাড়ী মোড় ও তার আশপাশের এলাকায় পর পর সাতটি কুকুর মৃত অবস্থায় পড়ে রয়েছে। বর্তমানে ১৪ টি কুকুরের মৃত্যু হয়েছে। এরপরে ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান স্থানীয় সমাজকর্মী প্রদীপ সরকার।" তিনি বলেন, "কুকুরগুলিকে দইয়ের সঙ্গে বিষ মিশিয়ে খাইয়ে দেয় কে বা কারা। সে কারণে সকাল থেকে কুকুরের মৃত্যু হওয়া শুরু হয়েছে। অবলা পশুদের যারা এই ভাবে মারল তাদের শাস্তি চাই।" দোষীদের শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয় চৌবেড়িয়া দুই গ্রাম পঞ্চায়েতের প্রধান তপন হাজরা।

পড়ুন পড়ান
সার্বভৌম সমাচার
HTTPS://WWW.SARBABHAUMASAMACHAR.IN/
বিজ্ঞাপনের জন্য এখনই যোগাযোগ করুন

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫



রঙ্গভূমির কলাকুশিলবগণ। বিস্তারিত খবর তিনের পাতায়...

## ঘোষণা

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, বিগত ইংরাজী ২৮/০৫/২০২২ তারিখে আমার মক্কেল শ্রী লক্ষণ বিশ্বাস, পিতা- অজিত বিশ্বাস, সাং- শক্তিগড়, পোঃ ও থানা- বনগ্রাম, জেলা- উত্তর ২৪ পরগণা-এর বনগ্রাম সাবরেজিষ্ট্রী অফিস, ০৩৮৫১/২০১০, তারিখ- ২৮/০৫/২০১০ নম্বরের পিট দলিল খানি বনগ্রাম আদালত চত্ত্বরে হারাইয়া যায়। তন্মর্মে আমার মক্কেল বনগ্রাম থানাতে একখানি জিডিই নথিভুক্ত করেন, যাহা বনগ্রাম থানা জিডিই নং- ৮১৪/২০২২, তারিখ ১৩/০৬/২০২২। আমার মক্কেলের উক্ত দলিলখানি যদি কোন সহৃদয় ব্যক্তি পাইয়া থাকেন, তাহা হইলে নিচের নম্বরগুলিতে যোগাযোগ করিলে আমার মক্কেল চিরকৃতজ্ঞ হইবেন।

যোগাযোগ-
৮০০১৮৫৪৫৮৬ (শ্রী লক্ষণ বিশ্বাস)
এবং
৮৬৩৭৩৫৮১১৭ (শ্রী রাজু দাস)

**শ্রী রাজু দাস**
আইনজীবী
বনগ্রাম মহকুমা আদালত

HALL MARK
বনগাঁয় সবার মুখে এক কথা—
রকমারি ডিজাইন, গহনার গড়নে সাবেকিয়ানা,
আধুনিকতায় অনন্য প্রতিষ্ঠান



আমাদের গহনার মজুরী সবার থেকে কম
নিউ পি. সি. জুয়েলার্স
বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে)
নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ
বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)
নিউ পি. সি. জুয়েলার্স বিউটি
মতিগঞ্জ হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা
এন পি.সি. অপটিক্যাল
এখানে সু-চিকিৎসকের পরামর্শে কম্পিউটার দ্বারা চক্ষু পরীক্ষা করা হয়। আধুনিক মানের চশমার ফ্রেম, গ্লাস ও লেন্সের বিশাল সম্ভার।



বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ

Gobardanga Rangabhumi Presents
Patthar Pe Fool
পাথর পে Fool
Based On Shibram Chakraborty Story
Playwright : Himadri Sekhar Dey Direction - Bidhan Ch. Halder
18th June 2022, Parui, On The Roof of Bhaskar Roy's House
Financial Supported By : Sangeet Natak Akademi
Ministry of Culture Government of India
आज़ादी का अमृत महोत्सव
संगीत नाटक अकादेमी Sangeet Natak Akademi
gobardangarangabhumi@gmail.com 9093107022

COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়
কার্টিজ রিফিল করা হয়।



UNICORN
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত
এস এস আচার্য / এস এস চ্যাটার্জী
ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তদোষ, প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।



পুরোহিত শুভজিৎ আচার্য
চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)
মোঃ ৯৩৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at **KUMAR PRESS** at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - **9232633899 / 9647791986 / 7076271952**
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in
**Editor- Utpal Mallick**